গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
রাজনৈতিক অধিশাখা-২

নং-স্বম(রাজ-২)/আশৃক-জেলা/২-৩/২০০৯/৩১০

তারিখ ঃ ২৯ মার্চ ২০০৯

## অফিস আদেশ

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ৩ মার্চ ২০০৯ তারিখের স্বম(রাজ-২)/আশৃক-জেলা/২-৩/২০০৯/২[illegible] নম্বর পত্রের মাধ্যমে গঠিত কমিটি বাতিলপূর্বক নিম্নরূপভাবে উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি পুনর্গঠন করা হইল ঃ

| | |
|---|---|
| মাননীয় সংসদ সদস্য | মুখ্য উপদেষ্টা |
| উপজেলা পরিষদ চেয়ারম্যান | উপদেষ্টা |
| ভাইস চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ | উপদেষ্টা |
| ১. উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ অফিসার | সদস্য |
| ৩. সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ৪. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৫. উপজেলা মহিলা বিষয়ক অফিসার | সদস্য |
| ৬. উপজেলা সমাজসেবা অফিসার | সদস্য |
| ৭. থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ৮. উপজেলা আনসার ও ভিডিপি অফিসার | সদস্য |
| ৯. উপজেলা সদরে অবস্থিত সরকারী/বেসরকারী কলেজের অধ্যক্ষ | সদস্য |
| ১০. উপজেলা সদরে অবস্থিত মাদ্রাসার অধ্যক্ষ/সুপার | সদস্য |
| ১১. উপজেলা সদরে অবস্থিত উচ্চ বিদ্যালয়/বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ | সদস্য |
| ১২. ইউপি চেয়ারম্যান (সকল) | সদস্য |
| ১৩. উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ডার | সদস্য |
| ১৪. ইউনিয়ন পরিষদের নির্বাচিত ২ জন সংরক্ষিত মেম্বার (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৫. সভাপতি, উপজেলা প্রেসক্লাব | সদস্য |
| ১৬. উপজেলার ৫জন গণ্যমান্য ব্যক্তি (১জন মহিলাসহ) (জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত) | সদস্য |

২। সভা কার্যবিবরণী মুখ্য উপদেষ্টা ও উপদেষ্টাগণকে নিয়মিত সরবরাহ করিতে হইবে। পৃথক নোটিশের মাধ্যমে তাঁহাদিগকে সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করিতে হইবে।

উক্ত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির কার্যপরিধি হইবে নিম্নরূপ ঃ

(ক) উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি এবং সংঘটিত অপরাধ পর্যালোচনা।
(খ) আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য পরিকল্পনা গ্রহণ ও তদনুযায়ী কার্য সম্পাদন।
(গ) অপরাধী ও সমাজবিরোধী ব্যক্তিদের অপরাধমূলক কার্যকলাপ ফলপ্রসূভাবে প্রতিরোধকল্পে যথোপযুক্ত পন্থা নির্ধারণ।
(ঘ) খুন, ধর্ষণ, ছিনতাই, অপহরণ, এসিড নিক্ষেপ, মেয়েদের উত্যক্তকরণ, নারী ও শিশু পাচার ইত্যাদি জঘণ্য প্রকৃতির অপরাধসমূহ নিয়ন্ত্রণকল্পে কার্যকর পদক্ষেপ গ্রহণ।
(ঙ) অপরাধ ও অপরাধীদের নিয়ন্ত্রণে রাখার জন্য জনগণকে উদ্বুদ্ধ করা এবং বিভিন্ন পরিকল্পনায় তাহাদেরকে সম্পৃক্তকরণ।
(চ) অপরাধ প্রতিরোধকল্পে সামাজিক সচেতনতা সৃষ্টি।
(ছ) আইন-শৃঙ্খলা উন্নয়নে ও স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ অন্যান্য বিষয় বিবেচনাকরণ।
(জ) আইন-শৃঙ্খলার উন্নয়নে জেলা আইন-শৃঙ্খলা কমিটির নিকট প্রয়োজনীয় সুপারিশ প্রেরণ।
(ঝ) সরকার/জেলা আইন-শৃঙ্খলা কমিটি কর্তৃক সময়ে সময়ে প্রদেয় নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ।

৩। কমিটি প্রতিমাসে কমপক্ষে একবার সভায় মিলিত হইবে এবং প্রয়োজনবোধে যে কোন সময়ে সভা অনুষ্ঠান করিবে।

(আবু সৈয়দ মোহাম্মদ হাশিম)
উপ-সচিব
ফোন ঃ ৭১৬৬৮৯৫

Scanned with CamScanner

বিতরণ ঃ

১। জেলা ম্যাজিষ্ট্রেট (সকল) [সংশ্লিষ্ট সকল মাননীয় সংসদ সদস্য, সংশ্লিষ্ট সকল উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান/সংশ্লিষ্ট সকল উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ অফিসারগণ/সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)/উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ/সংশ্লিষ্ট সকল উপজেলা মহিলা বিষয়ক অফিসার/সংশ্লিষ্ট সকল সমাজসেবা অফিসার/থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ/উপজেলা আনসার ও ভিডিপি অফিসারগণ/ উপজেলা সদরে অবস্থিত সরকারী/বেসরকারী কলেজের অধ্যক্ষ/উপজেলা সদরে অবস্থিত মাদ্রাসার অধ্যক্ষ/সুপার/উপজেলা সদরে অবস্থিত উচ্চ বিদ্যালয়/বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণ/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ/উপজেলা মুক্তিযোদ্ধা ইউনিট কমান্ডারগণ/সভাপতি, উপজেলা প্রেসক্লাবগণ-কে এই অফিস আদেশের অনুলিপি প্রেরণের অনুরোধসহ ]

নং-স্বম(রাজ-২)/আশৃক-জেলা/২-৩/২০০৯/৩১০/১(১৫)

তারিখ ঃ ২৯ মার্চ ২০০৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট বিভাগ

৫। ডিআইজি, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট রেঞ্জ [সংশ্লিষ্ট পুলিশ সুপারগণকে অবহিতকরণের অনুরোধসহ]

২৯।৩।২০০৯

(আবু সৈয়দ মোহাম্মদ হাশিম)

উপ-সচিব